

এবার শাহারা একুশে পদক পাইলেন

মহান একুশে ফেব্রুয়ারী উপলক্ষে দেশ-বাস্তিকে সাহিত্য ও সংস্কৃতি এবং শিক্ষা ও সাংবাদিকতার তাহাদের বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ এবং বছরের 'একুশে পদক' রাষ্ট্রীয় পুরস্কারে সম্মানিত করা হইয়াছে বলিয়া গতকাল (সোমবার) সরকারীভাবে ঘোষণা করা হয়।

শাহারা এবারের একুশে পদক পাইয়াছেন তাহারা হইতেছেন—টাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য শিক্ষাবিদ ডঃ সৈয়দ মোয়াজ্জেম হোসেন কবি খান মুহম্মদ মঈনুদ্দীন, কবি আহসান হাবিব, প্রখ্যাত সাংবাদিক দৈনিক ইত্তেফাকের সাবেক বার্তা ও কার্যনির্বাহী সম্পাদক শহীদ (শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)



শহীদ সিরাজুদ্দীন হোসেন

শাহারা পদক পাইলেন

(১ম পৃঃ পর)

সিরাজুদ্দীন হোসেন (মরণোত্তর) সাহিত্যিক মাহবুব-উল আলম, কবি সুফী জুলফিকার হায়দার, নাট্যকার নূরুল মোমেন, চিত্রশিল্পী শফিউদ্দিন আহমেদ, সঙ্গীতশিল্পী লায়লা আজুমান্না বানু এবং উচ্চাঙ্গ সঙ্গীতশিল্পী আভা আলম (মরণোত্তর)।

তাহাদের প্রত্যেককেই পাঁচ হাজার টাকা করিয়া নগদ পুরস্কার এবং একটি করিয়া স্বর্ণপদক দেওয়া হইবে।

শহীদ সিরাজুদ্দীন হোসেনের সংক্ষিপ্ত পরিচিতি

(ইত্তেফাক রিপোর্ট)

শহীদ সিরাজুদ্দীন হোসেন একজন বহুনিষ্ঠ, নিষ্ঠীক ও সংগ্রামী চেতনার সাংবাদিক হিসাবে সকলের প্রশংসাভাজন ছিলেন। দৈনিক ইত্তেফাকের কার্যনির্বাহী সম্পাদক পদে কার্যরত অবস্থায় '৭১-৭২'র ১০ই ডিসেম্বর রাজিতে আল-বদর বাহিনী কতৃক তিনি অপহৃত ও নিহত হন।

যশোর জেলার মাগুরা মহকুমার শালিখা থানার শরশুনা গ্রামে এক সম্ভ্রান্ত পরিবারে ১৯২৯ খ্রীষ্টাব্দে তিনি জন্মগ্রহণ করেন। ছাত্রাবস্থায় তিনি '৪৬' সালে দৈনিক আজাদে যোগদান করিয়া সাংবাদিকতার প্রবেশ করেন। ১৯৫৪ সালে তিনি দৈনিক ইত্তেফাকের বার্তা সম্পাদক পদে যোগদান করেন।

সাংবাদিকতার ক্ষেত্রে তাহার অসাধারণ নৈপুণ্যের জন্ম তিনি আন্তর্জাতিক প্রেস ইন্সটিটিউটের (আই পি আই) প্রশংসা অর্জন করেন।

স্বনামধন্য সাংবাদিক ছাড়াও তিনি একজন অনুবাদক ও গ্রন্থ প্রণেতা হিসাবেও যথেষ্ট খ্যাতি অর্জন করিয়াছেন। 'ইতিহাস কথা কও', 'মহীয়সী নারী', 'ছোট থেকে বড়', 'পারমাণবিক শক্তির রহস্য', 'বড় আনলো লেখনী', 'অগ্নি পরীক্ষা' এবং 'বীর ও বীরত্ব' শহীদ সিরাজুদ্দীনের উল্লেখযোগ্য গ্রন্থ।

(একুশের পদকপ্রাপ্ত অর্থাৎ শহীদ সিরাজুদ্দীনের পরিচিতি আগামী বৃহস্পতিবার 'ইত্তেফাকে' প্রকাশিত হইবে)।

বাংলা একাডেমী একুশের পুরস্কার

বাংলা সাহিত্যের বিভিন্ন ক্ষেত্রে কৃতিত্ব ও বিশেষ অবদানের জন্ম গতকাল (সোমবার) ১৯৭৭ সালের বাংলা একাডেমী পুরস্কার ঘোষণা করা হইয়াছে। প্রতি বৎসর ২১শে ফেব্রুয়ারী উপলক্ষে এই পুরস্কার ঘোষণা করা হয়। গতকাল একাডেমীর এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয় যে, সাহিত্যের ৭টি শাখায় মোট ৯ জন পুরস্কার লাভ করিয়াছেন। কবিতা ও ছোটগল্পে দুইজন করিয়া পুরস্কার (শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

(১ম পৃঃ পর)

পাইয়াছেন। নিম্নলিখিত কবি-সাহিত্যিকদের ১৯৭৭ সালের বাংলা একাডেমী পুরস্কার দেওয়া হইয়াছে : কবিতায় জনাব আবদুর রশিদ খান ও জনাব মোহাম্মদ মাহমুদ উল্লাহ, ছোটগল্পে মির্জা আবদুল হাই ও জনাব হাসনাত আবদুল হাই, অনুবাদে জনাব আবদুল হাফিজ, গবেষণায় ডঃ মমতাজুর রহমান তরফদার, উপস্থাপনে জনাব মাহমুদুল হক, শিশু সাহিত্যে মিঃ সুকুমার বড়ুয়া এবং নাটকে জনাব জিয়া হায়দার।